

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ অফিস
বিমানবন্দর ঢাকা ।

১৬.০৩.০০০০.০০২.০১.০০১-১৫-

তারিখ-১৯.০২.২০১৫ খ্রি: ।

বিষয়: ২০১৫খ্রি:/১৪৩৬ হিজরী সনের হজ্জযাত্রীদের ডাটা এন্ট্রির সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি ।

এতদ্বারা সকল হজ্জ এজেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫খ্রি:/১৪৩৬ হিজরী সনের অনলাইনে হজ্জযাত্রীদের ডাটা এন্ট্রি ২১.০১.২০১৫খ্রি: থেকে শুরু হয়েছে । অদ্য ১৯/০২/২০১৫ ইং তারিখ সকাল ৯.০০ ঘটিকা পর্যন্ত ৭৭৬ টি হজ্জ এজেন্সী ৭৩৪৫০ জন হজ্জযাত্রীর তথ্য ইতিমধ্যে হজ্জ ম্যানেজমেন্ট সিস্টেমে এন্ট্রি করেছেন । যে সকল হজ্জ এজেন্ট ভুলক্রমে অতিরিক্ত হজ্জযাত্রীর নাম এন্ট্রি করেছেন তাদেরকে অতিরিক্ত এন্ট্রি বাতিল করার জন্য পরিচালক, হজ্জ অফিস, ঢাকার বরাবরে আগামী ২৩/০২/২০১৫ খ্রি: তারিখের মধ্যে ই-মেইল এ (info@hajj.gov.bd) আবেদন করতে হবে । ২০১৫ সালে বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের কোঠা ৯১,৭৫৮ (একানব্বই হাজার সাতশত আটান্ন) জন । কোঠা পরিপূর্ণ হওয়ার আগ পর্যন্ত “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে হজ্জযাত্রীদের ডাটা এন্ট্রি সম্পূর্ণ করতে পারবেন । বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের কোঠা পরিপূর্ণ হয়ে গেলে হজ্জযাত্রীদের ডাটা এন্ট্রি বন্ধ হয়ে যাবে । সরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের কোঠা ফাঁকা থাকলে আলোচনা সাপেক্ষে বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের ডাটা এন্ট্রির অনুমোদন প্রদান করা হবে ।


১৯.০২.২০১৫

(মো: মিজানুর রহমান)
পরিচালক
(উপসচিব)
ফোন: ৮৯৫৮৪৬২ ।

সকল হজ্জ এজেন্ট
----- ।